# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৪৭. কোন হিজড়ার সাধারণ মহিলাদের সাথে পর্দার বিধান পালন না করা

উম্মু সালামাহ্ (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) একদা আমার নিকটেই অবস্থান করছিলেন। তখন ঘরে ছিলো এক হিজড়া। সে আমার ভাই আব্দুল্লাহ্ বিন্ আবু উমাইয়াহ্কে বলছিলো: আল্লাহ্ তা'আলা যদি আগামীতে তোমাদের জন্য ''ত্বায়িফ'' এলাকা জয় করে দেন তা হলে আমি তোমাকে গাইলানের মেয়ের ব্যাপারে পরামর্শ দিচ্ছি। তুমি তাকে তোমার অধীন করে নিবে। কারণ, সে অতি সুন্দরী। তার পেটে সামনের দিক থেকে চারটা ভাঁজ রয়েছে যা সাইড বা পেছন থেকে আটটিই মনে হয়। তখন নবী (সা.) বললেনঃ

لاَ يَدْخُلَنَّ هَذَا عَلَيْكُمْ

“এ যেন তোমাদের ঘরে আর না ঢুকে”।[1]

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন:

لَعَنَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْـمُخَنَّثِيْنَ مِنَ الرِّجَالِ ، وَالْـمُتَرَجِّلاَتِ مِنَ النِّسَاءِ ، وَقَالَ: أَخْرِجُوْهُمْ مِنْ بُيُوْتِكُمْ ، قَالَ: فَأَخْرَجَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فُلاَنًا وَأَخْرَجَ عُمَرُ فُلاَنَةً

“নবী (সা.) লা'নত করেন হিজড়াদেরকে তথা যে পুরুষরা মহিলার বেশ ধারণ করে এমন লোকদেরকে এবং মহিলাদের মধ্য থেকে যারা পুরুষের বেশ ধারণ করে এমন মহিলাদেরকে। নবী (সা.) বলেন: তোমরা তাদেরকে নিজেদের ঘর থেকে বের করে দাও। বর্ণনাকারী বলেন: নবী (সা.) এ জাতীয় এক পুরুষকে এবং হযরত 'উমর এ জাতীয় এক মহিলাকে ঘর থেকে বের করে দেন”।[2]

>

## ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৫২৩৫ মুসলিম, হাদীস ২১৮০)

[2] (বুখারী, হাদীস ৫৮৮৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11497

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন